গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর
সংস্থাপন শাখা
www.sherpur.gov.bd

স্মারক নং ০৫.৪৫.৮৯০০.০০০.০০৫.০১.০০০২.২৬. ৪৬২

তারিখ : ২৭ আশ্বিন ১৪৩৩ / ১২ অক্টোবর ২০২৬

পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ১১ জুন ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০৩৬.১৬-৪১ নম্বর এবং ১৫ জুলাই ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০৩৬.১৬-৬০ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর এবং এর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ ও সার্কিট হাউজের সাধারণ প্রশাসনের অধীন নিম্নবর্ণিত শূন্য পদে প্রচলিত নিয়োগ বিধি অনুযায়ী অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত শেরপুর জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online-এ (https://dcsherpur. teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

ক্রম নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১	কম্পিউটার অপারেটর	০১ (এক) টি	২৪০০০-৫৮০০০/- (গ্রেড-১৩)	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে নূন্যতম বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে।
২	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৯ (নয়) টি	২১৯০০-৫২৯০০/- (গ্রেড-১৬)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; (গ) স্প্রেডসিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা; (ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে নূন্যতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।
৩	লাইব্রেরি সহকারী	০১ (এক) টি	২১৯০০-৫২৯০০/- (গ্রেড-১৬)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; (গ) স্প্রেডসিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা; (ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে নূন্যতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।
৪	সার্টিফিকেট সহকারী	০২ (দুই) টি	২১৯০০-৫২৯০০/- (গ্রেড-১৬)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; (গ) স্প্রেডসিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা; (ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে নূন্যতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।

৫	বেঞ্চ সহকারী	০১ (এক) টি	২১৯০০-৫২৯০০/- (গ্রেড-১৬)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; (গ) স্প্রেডসিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা; (ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে নূন্যতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।
৬	নিরাপত্তা প্রহরী	০১ (এক) টি	২০০০০-৪৮৪০০/- (গ্রেড-২০)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

<u>আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে</u>

১। আবেদন গ্রহণের শেষ তারিখে (০৪ নভেম্বর ২০২৬) প্রার্থীর বয়স ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর হবে (বয়সসীমা নির্ধারণের ক্ষেত্রে ১৮ নভেম্বর ২০২৪ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেটের অধ্যাদেশ নং ১১ অনুসরণ করা হয়েছে)। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহনযোগ্য নয়।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্যপদ পূরণে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২০, সংশোধিত (২০১৪) এবং এতদসংক্রান্ত সকল বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে। এছাড়া নিয়োগ সংক্রান্ত বিদ্যমান যাবতীয় সরকারি বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৩। সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত ও স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষায় অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

৪। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মতে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৫। চাকরির জন্য আবেদন আগামী ১৪ অক্টোবর ২০২৬ তারিখ রাত ১২.০১ ঘটিকা হতে ০৪ নভেম্বর ২০২৬ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/ অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০২ (দুই) কপি সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ;

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Applicant's copy);

খ) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র;

গ) শেরপুর জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

চ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্র;

ছ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা সন্তানদের জন্য নির্ধারিত কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে আবেদনকারীর পিতা/মাতার নামে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র/উপযুক্ত প্রমাণপত্র;

জ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য নির্ধারিত কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে বীর মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ অথবা পৌরসভায় দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

ঝ) তৃতীয় লিঙ্গ, ক্ষুদ্র-নৃগোষ্ঠী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

৭। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ায় নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৯। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও শেরপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যাক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে দরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসাবে বিবেচিত হবেন না।

১০। একজন প্রার্থী শুধু একটি পদে আবেদন করতে পারবেন, একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে;

১১। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত সর্বশেষ শর্তাবলী প্রযোজ্য হবে। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১২। বিগত ০৩ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখের ০৫.৪৫.৮৯০০.০০৫.০১.০০২.২৩.১৭৩ নম্বর স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে ইতোপূর্বে যে সকল প্রার্থীগণ আবেদন করেছেন পুনরায় তাদের আবেদন করার প্রয়োজন নেই।

১৩। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। বিজ্ঞাপনে উল্লিখিত পথ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি/নির্দেশনা অনুযায়ী কোটা নীতিমালা অনুসরণ করা।

১৫। কোটার ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জুলাই ২০১৪ তারিখের ০৫,০০,০০০০,১৭০.১১.০১৪.২৪-৩৪১ নং প্রজ্ঞাপন প্রযোজ্য হবে।

১৬। <u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি/শর্তাবলী:</u>

ক. উল্লিখিত পদে আবেদনে ইচ্ছুক প্রার্থীগণকে https://dcsherpur.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ১৪ অক্টোবর ২০২৬খ্রি. রাত ১২:০১ টা;

ii. Online -এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ০৪ নভেম্বর ২০২৬খ্রি. তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত;

User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে teletalk pre-paid mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা করতে পারবেন;

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ Pixel), স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. অনলাইন আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন;

ঙ. SMS প্রেরণের নিয়ামাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতো ছবি (Photo) ও স্বাক্ষর (Signature) Upload করে আবেদন Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview কপি দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application`s Copy পাবেন। যদি Application`s Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পুর্ণ সাদা/ঝাপসা), বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অব্যশই উক্ত Application`s Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউলোড পূর্বক নিশ্চিত করে রঙ্গিন কপি প্রিন্ট করে সংরক্ষণ করবেন;

Applicant`s কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১৩ তম ও ১৬ তম গ্রেডের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk-এর SMS সার্ভিস চার্জ বাবদ(ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/-(বারো) টাকাসহ সর্বমোট ১১২/-(একশত বারো) টাকা এবং ২০ তম গ্রেডের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর SMS সার্ভিস চার্জ বাবদ(ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে জমা দেবেন। তবে

সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর SMS সার্ভিস চার্জ বাবদ(ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে জমা দেবেন। উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: DCSHERPUR<space><User ID> লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DCSHERPUR ABCDEF send to16222.

Reply : Application`s Name Taka .....(Application fee) will be charged as Application fee. Your PIN xxxxxxxx To pay fee Type DCSHERPUR<space> Yes<space>PIN and Send to 16222.

দ্বিতীয় SMS : DCSHERPUR<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DCSHERPUR YES 12345678 & send to 16222

Reply : Congratulation Applicant's Name payment completed Successfully for DCSHERPUR Application for xxxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxxx)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https:// dcsherpur.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

DCSHERPUR<space>Help<space> User>User ID & Send to 16222

Example: DCSHERPUR Help User ABCDEF space & Send to 16222

(ii) PIN Number জানা থাকলে:

DCSHERPUR<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222

Example: DCSHERUR Help PIN 12345678 space &Send to 16222

অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজ প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর এর website: www.sherpur.gov.bd এ দেখা যাবে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sherpur.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd অথবা dcsherpur@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ-করা যাবে। (Mail এর subject Organization Name: sherpur, Post Name Application User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)

ট. ডিক্লারেশন:

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৭। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৮। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৯। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/ পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

২০। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন, পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ এবং আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১২/১০/২০২৬

ফরিদা ইয়াসমিন
জেলা প্রশাসক
শেরপুর
ফোনঃ ০২৯৯৭৭৮১৯০০
Email:dcsherpur@mopa.gov.bd

স্মারক নং ০৫.৪৫.৮৯০০.০০০.০০৫.০১.০০০২.২৬. ৪৬২

তারিখ : ২৭ আশ্বিন ১৪৩৩ / ১২ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরতান সংসদ ভবন, ঢাকা
০৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, অর্থ বিভাগ, বংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
০৬. জেলা প্রশাসক, ... (সকল)
০৭. পুলিশ সুপার, শেরপুর
০৮. সিভিল সার্জন, শেরপুর
০৯. উপসচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর
১১. উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল), শেরপুর। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১২. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শেরপুর। (বিজ্ঞপ্তিটি জেলা ওয়েবসাইটে নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)

১৩. সম্পাদক, ... (তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ভিতরের পাতায় আগামী ০২ দুই) দিনের মধ্যে (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) এক দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো

১৪. জেনালে ম্যানেজার, মার্কেটিং এন্ড ভিএস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং নং৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২ (তাঁকে নির্ধারিত সময়ে লিংক উম্মুক্ত করার জন্য অনুরোধ করা হলো

১৫. ওয়েবসাইট/নোটিশ বোর্ড

১৬. অফিস কপি।

১২/১০/২০২৬

জেলা প্রশাসক
শেরপুর